# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

নং-বিবিধ/৩৯ তারিখ : ০২/১২/২০২০

## জরুরি বিজ্ঞপ্তি

বিষয়ঃ **শিক্ষা প্রতিষ্ঠান বার্ষিক জরিপ ২০২০ এর আওতায় বিদেশে অবস্থিত বাংলাদেশী শিক্ষা প্রতিষ্ঠানসমূহের তথ্য প্রেরণ প্রসঙ্গে।**

সূত্রঃ শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.২০.০০০০.০০৩.৩৫.০৮৩.২০/২৩৫২, তারিখঃ ০১/১২/২০২০খ্রিঃ

উর্পযুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন বিদেশে অবস্থিত সকল বাংলাদেশী শিক্ষা প্রতিষ্ঠানের তথ্য অনলাইনে(www.banbise.gov.bd) ব্যানবেইস সার্ভারে আপলোড নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়েছে। বিদেশে অবস্থিত সংযুক্ত তালিকা অনুযায়ী বাংলাদেশী শিক্ষা প্রতিষ্ঠানসমূহের তথ্য আগামী **১০ ডিসেম্বর ২০২০** তারিখের মধ্যে অনলাইনে ব্যানবেইস সার্ভারে আপলোড করার জন্য অনুরোধ করা হলো, অন্যথায় সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান উদ্ভূত পরিস্থিতির জন্য দায়ী থাকবে।

শিক্ষা মন্ত্রণালয়ের দিক নির্দেশনামূলক জারিকৃত পত্রটি এতদ্‌সঙ্গে সংযুক্ত করা হলো।

চেয়ারম্যানের আদেশক্রমে

০২/১২/২০২০

**প্রফেসর ড. মোঃ হারুন-অর-রশিদ**
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা।
ফোন : ৫৮৬১২৪৭৬

**অধ্যক্ষ/অধ্যক্ষ(ভারপ্রাপ্ত),**
অত্র বোর্ডের আওতাধীন বিদেশে অবস্থিত সকল উচ্চমাধ্যমিক পর্যায়ের বাংলাদেশী শিক্ষা প্রতিষ্ঠান।

02/12/20

**সংযুক্তিঃ**

১। শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.২০.০০০০.০০৩.৩৫.০৮৩.২০/২৩৫২, তারিখঃ ০১/১২/২০২০খ্রিঃ।

২। শিক্ষা প্রতিষ্ঠান বার্ষিক জরিপ (Education Institution Annual Survey) ২০২০ এর তথ্য ছক পূরণ নির্দেশিকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
১ জহির রায়হান সড়ক (পলাশী-নীলক্ষেত), ঢাকা-১২০৫।
Web:www.banbeis.gov.bd

স্মারক নং- ৩৭.২০.০০০০.০০৩.৩৫.০৮৩.২০/২৬৫২

তারিখ: ১৬ অগ্রহায়ণ ১৪২৭
০১ ডিসেম্বর ২০২০

**বিষয়: শিক্ষা প্রতিষ্ঠান বার্ষিক জরিপ ২০২০ এর আওতায় বিদেশে অবস্থিত শিক্ষা প্রতিষ্ঠানের তথ্য প্রেরণ সংক্রান্ত।**

**সূত্র: ব্যানবেইস এর স্মারক নং- ৩৭.২০.০০০০.০০৩.৩৫.০৮৩.২০/২০৯১ তারিখ: ২০ অক্টোবর ২০২০**

উপর্যুক্ত বিষয় ও সুত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ব্যানবেইস কর্তৃক পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠান বার্ষিক জরিপ ২০২০ এর কার্যক্রম ১০ নভেম্বর ২০২০ তারিখে শেষ হয়েছে। উক্ত জরিপে প্রাথমিকোত্তর স্তরের শতভাগ শিক্ষা প্রতিষ্ঠানের তথ্য নির্ধারিত সময়ে ব্যানবেইস এর সার্ভারে অন্তর্ভুক্ত না হলে শিক্ষা সংশ্লিষ্ট প্রধান কৃতকর্ম নির্দেশক (Key Performance Indicator) প্রস্তুতিতে বিঘ্ন সৃষ্টি হয় এবং ব্যানবেইস এর নিয়মিত প্রকাশনা Bangladesh Education Statistics নির্ধারিত সময়ে প্রকাশ করা সম্ভব হয় না। এ লক্ষ্যে বিদেশে অবস্থিত EIIN ভুক্ত ১০টি বাংলাদেশী শিক্ষা প্রতিষ্ঠানের (তালিকা সংযুক্ত) তথ্য সংগ্রহের জন্য উপরিউক্ত স্মারকে পত্র প্রেরণ করা হয়েছিল। অদ্যাবধি উক্ত প্রতিষ্ঠানগুলোর তথ্য ব্যানবেইস সার্ভারে আপলোড হয় নি।

২। বর্ণিতাবস্থায়, **১০ ডিসেম্বর ২০২০** তারিখের মধ্যে বিদেশে অবস্থিত সংযুক্ত তালিকায় বর্ণিত ১০টি বাংলাদেশী শিক্ষা প্রতিষ্ঠানের তথ্য অনলাইনে (www.banbeis.gov.bd) ব্যানবেইস সার্ভারে আপলোড নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পুনরায় বিশেষভাবে অনুরোধ করা হল।

বিষয়টি অতীব জরুরী

সংযুক্তি: ক) জরিপ ফরম পূরণের নির্দেশিকা
খ) শিক্ষা প্রতিষ্ঠানের তালিকা।

(হাবিবুর রহমান)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন: ৯৬৬৫৪৫৭
E-mail: dg@banbeis.gov.bd

চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
বকশীবাজার, ঢাকা।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। সিনিয়র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুন বাগিচা, ঢাকা।
২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৩। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৪। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৫। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বোর্ড, ঢাকা।
৬। কলেজ পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বোর্ড, ঢাকা।
৭। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯। বিদ্যালয় পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বোর্ড, ঢাকা।
১০। অফিস নথি।

| No. | EIIN | Institute Name |
|---|---|---|
| 1 | 133915 | BANGLADESH COMMUNITY SCHOOL, TRIPOLI |
| 2 | 133913 | BANGLADESH SCHOOL, BAHRAIN |
| 3 | 138268 | MADINA-BANGLADESH INTERNATIONAL SCHOOL AND COLLEGE |
| 4 | 133912 | TALEE AL-FEKR BANGLADESH INTERNATIONAL SCHOOL, MAKKAH |
| 5 | 133911 | BANGLADESH INTERNATIONAL SCHOOL, JEDDAH |
| 6 | 133914 | BANGLADESH EMBASSY SCHOOL, RIYADH |
| 7 | 133910 | BANGLADESH MASHHOR-UL-HAQUE MEMORIAL HIGH SCHOOL DOHA-QATAR |
| 8 | 133909 | BANGLADESH ISLAMIA SCHOOL AND COLLEGE |
| 9 | 133908 | SHEIKH KHALIFA BIN ZAYED BANGLADESH ISLAMIC SCHOOL, ABUDHABI |
| 10 | 136787 | BANGLADESH SCHOOL SAHAM, OMAN |

# বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)

শিক্ষা প্রতিষ্ঠান বার্ষিক জরিপ (Education Institution Annual Survey) ২০২০ এর তথ্যছক পূরণ

## নির্দেশিকা

১। প্রথমে কম্পিউটারের Browser (Mozilla Firefox, Google Chrome, Internet Explorer) এ প্রবেশ করুন।


২। ব্রাউজারে www.banbeis.gov.bd Website এ প্রবেশ করুন। অথবা দ্রুত log in করতে নিম্নের লিংকটি http://163.47.156.109/BANBEIS/indexPageLoad.do ব্যবহার করুন।

৩। আপনার সামনে **বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)** এর মূল পৃষ্ঠা প্রদর্শিত হবে।


৪। এবার নিম্নের ছবির নির্দেশনা অনুযায়ী মেনুবার থেকে **শিক্ষা জরিপ ২০২০** মেনুর সার্ভার/বিকল্প সার্ভারের মাধ্যমে প্রবেশ করুন। উল্লেখ্য সার্ভারের মাধ্যমে log in এ সমস্যা হলে বিকল্প সার্ভারের মাধ্যমে প্রবেশ করুন।




৫। সার্ভার/বিকল্প সার্ভারে ক্লিক করার পর নিম্নের মত **Sign in Page** প্রদর্শিত হবে। এখানে ***ইআইআইএন** বক্স এ আপনার প্রতিষ্ঠানের EIIN নম্বর লিখুন এবং ***পাসওয়ার্ড** বক্সে 532688 লিখুন এবং সাইন ইন বাটন এ Click করুন।



৬। সফলভাবে লগইন হলে তথ্য ছকের মূল পৃষ্ঠা আসবে। আপনি সঠিকভাবে আপনার প্রতিষ্ঠানে প্রবেশ করেছেন কি না তা নিশ্চিত হওয়ার জন্য নিম্নের ছবির মত উপরের ডান কোণায় প্রদর্শিত প্রতিষ্ঠানের নামের সাথে আপনার প্রতিষ্ঠানের নাম মিলিয়ে নিন।





৭। এবার 'শিক্ষা জরিপ ২০২০ এর তথ্যছক পূরণ' অংশে Click করুন।

৮। তথ্যছক পূরণের নির্দেশিকা/জরিপ ফরম ডাউনলোডের জন্য নির্ধারিত অপশনে Click করুন।


৯। আপনার প্রতিষ্ঠানের অনেক তথ্য পূরণকৃত দেখাবে। এক্ষেত্রে পূরণকৃত তথ্যের কোন পরিবর্তন প্রয়োজন হলে পরিবর্তন করুন। এছাড়া কিছু তথ্য খালি বা ফাঁকা দেখবেন, ফাঁকা অংশগুলো যথাযথভাবে পূরণ করুন। বিভাগ, জেলা, উপজেলা/থানা, ইউনিয়ন/ওয়ার্ড, মৌজা এবং পোস্ট অফিসের ঘর ফাঁকা থাকলে পরবর্তী ধাপে প্রবেশ করতে পারবেন না।


১০। প্রথম Page এ প্রযোজ্য তথ্যসমূহ Update করা সম্পন্ন হলে ফরমের নীচের দিকে প্রদর্শিত **Save And Go Forward** বাটন এ Click করুন। Click এর পূর্বে সকল তথ্য সঠিকভাবে দেয়া হয়েছে কি না নিশ্চিত হউন। অসম্পূর্ণ বা আংশিক তথ্য কোন ক্রমেই গ্রহণযোগ্য হবে না। ভুল তথ্য প্রদান করলে প্রতিষ্ঠান ক্ষতিগ্রস্ত হতে পারে।

১১। তথ্য সংরক্ষণের জন্য ব্রাউজার আপনার কাছ থেকে অনুমতি গ্রহণের জন্য নিম্নের মত কনফার্মেশন ডায়ালগ বক্স প্রদর্শন করবে।তথ্য সংশোধনের প্রয়োজন হলে Cancel বাটনে ক্লিক করুন। সঠিক হলে **OK** বাটনে ক্লিক করুন।





## Online তথ্যছকের নমুনা






১২। তথ্য সফলভাবে সংরক্ষিত হলে নিম্নের মত ছবি আসবে। এখন **পরবর্তী পৃষ্ঠা (Next Page) >>** এ Click করুন। পরবর্তী পৃষ্ঠার তথ্য নিম্নরূপে প্রদর্শিত হবে।




১৩। এখন পূর্বের ন্যায় এই পৃষ্ঠার তথ্যসমূহ পূরণ করুন। তথ্য পূরণ করার পর তথ্য সংরক্ষণের জন্য নিচে থাকা **Save And Go Forward** বাটন এ ক্লিক করুন এবং ১০ নং নির্দেশনা অনুসরণ করুন।

১৪। একই পদ্ধতিতে সর্বশেষ পৃষ্ঠা পর্যন্ত যেতে হবে এবং প্রতি পৃষ্ঠার তথ্য পূরণের পর সংরক্ষণের জন্য ৯ এবং ১০ নং নির্দেশনা অনুসরণ করতে হবে।

১৫। সর্বশেষ পৃষ্ঠায় প্রদর্শিত সকল শিক্ষক ও কর্মচারীর ব্যক্তিগত তথ্য হালনাগাদ করার জন্য Edit Button এ click করে নতুন তথ্যের Field গুলো পূরণ করুন। নতুন শিক্ষক ও কর্মচারীর তথ্য Entry করার ক্ষেত্রে Add New Teacher বাটনে Click করে তথ্য পূরণ করুন। কোন শিক্ষক ও কর্মচারীর তথ্য বাদ দিতে হলে সর্বপ্রথম Column এর Action বাটনে Click করে Dropdown Box থেকে তাঁর বর্তমান Status প্রদান করে **Save And Go Forward** বাটনে ক্লিক করুন।

১৬। আপনার প্রতিষ্ঠানের তথ্য এন্ট্রির কাজ সমাপ্ত হলে প্রিন্ট করার জন্য শেষ পাতার নীচে **Print** বাটন অথবা Ctrl+P চাপুন। প্রিন্ট ডায়লগ বক্স থেকে প্রিন্টে Click করুন। এখান থেকে সকল পাতা এক সাথে প্রিন্ট করা যাবে। অফিসিয়াল ডকুমেন্ট হিসাবে প্রতিটি পৃষ্ঠা প্রিন্ট করে সংরক্ষণ করুন।

১৭। তথ্য ছক পূরণ করার সময় কোন কারণবশত বিদ্যুৎ চলে গেলে অথবা আংশিক তথ্য এন্ট্রি করা থাকলে পুনরায় সাইন-ইন পৃষ্ঠায় গিয়ে EIIN নম্বর এবং Password দিয়ে মূল তথ্যছকরে পৃষ্ঠায় প্রবেশ করতে হবে।

১৮। জরিপ প্রশ্নমালায় সকল সংক্ষিপ্ত হাঁ/না যুক্ত প্রশ্নগুলো যথাযথভাবে পূরণ করুন যা আপনার প্রতিষ্ঠানের বিভিন্ন উন্নয়ন বিষয়ক সরকারি প্রকল্পে বিবেচনার জন্য অত্যন্ত প্রয়োজনীয়।

১৯। সকল তথ্য সঠিকভাবে পূরণ করা হলে Submit Button এ ক্লিক করুন।

২০। তথ্যছক Submit হলে উপরের বাম কোণায় Sign out Button এ ক্লিক করে বের হয়ে যাবেন।

২১। শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ তথ্যছক Submit করার পর উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসারকে টেলিফোনে/মোবাইলে অবহিত করবেন। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার তথ্যছক শতভাগ ভেরিফাই করার পর জেলা শিক্ষা অফিসারগণ ভেরিফাই করবেন। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার এবং জেলা শিক্ষা অফিসারগণের ভেরিফাই ব্যতীত বর্ণিত তথ্যছক ব্যানবেইস Server এ গৃহীত হবে না।

২২। শিক্ষা প্রতিষ্ঠানের নাম বাংলায় পূরণের ক্ষেত্রে **অভ্র কি-বোর্ড** এবং **নিকোষ ফন্ট** ব্যবহার করুন।

২৩। জরিপের তথ্য নির্ভুল হওয়া বাঞ্চনীয়। ভবিষ্যতে এ তথ্যের উপর ভিত্তি করে পরিকল্পনা প্রণয়ন করা হতে পারে।

২৪। শিক্ষা প্রতিষ্ঠান বার্ষিক জরিপ ২০২০ এর তথ্য ছক পূরণে কোন সহযোগিতা বা পরামর্শের জন্য যোগাযোগ করুন:

| নং | নাম | পদবি | টেলিফোন নম্বর | মোবাইল নম্বর | দায়িত্বপ্রাপ্ত বিভাগ |
|---|---|---|---|---|---|
| ১। | জনাব মোঃ খান জাহান আলী | স্পেশালিস্ট (পরিসংখ্যান) | ০২ ৫৫১৫২১০৩ | ০১৫৫২৪৫৯০৭১ | ঢাকা |
| ২। | জনাব এস. এম কামরুল হাসান | পরিসংখ্যান অফিসার | ০২ ৫৫১৫২১১৫ | ০১৫৫২৩৩৯২৩১ | চট্টগ্রাম |
| ৩। | জনাব শাহীনা সুলতানা | পরিসংখ্যান অফিসার | ০২ ৫৫১৫২১১৪ | ০১৯১১৯৮৯১৩৭ | রাজশাহী |
| ৪। | জনাব মোহাম্মদ ফখরুল হাসান | পরিসংখ্যান অফিসার | ০২ ৫৫১৫২১১৬ | ০১৭১২৫৫৫৪৬৯ | রংপুর |
| ৫। | জনাব নূর মোহাম্মদ | পরিসংখ্যান অফিসার | | ০১৭১০৪৮০৯৯২ | খুলনা ও বরিশাল |
| ৬। | জনাব মোহাঃ তরিকুল ইসলাম | সহ. পরিসংখ্যান অফিসার | | ০১৮১৭০৯৫৩৭৭ | সিলেট ও ময়মনসিংহ |

➢ জরিপ কার্যক্রম সার্বিক তদারকি করবেন জনাব শেখ মোঃ আলমগীর, চিফ, পরিসংখ্যান বিভাগ ফোন: ০২ ৫৫১৫১৮১৫, মোবাইল: ০১৭১১৫৭৬৩৩৩

info@banbeis.gov.bd

২৫। Software সংক্রান্ত জটিলতায় পরামর্শের জন্য যোগাযোগ করুন:

| নং | নাম | পদবি | মোবাইল নম্বর |
|---|---|---|---|
| ১। | জনাব কে,এম হাসানুল্লাহ মাহমুদ | প্রোগ্রামার | ০১৯১৪৮৯০৫০৮ |
| ২। | জনাব মোঃ মিজানুর রহমান | প্রোগ্রামার | ০১৯১১০৩৫২৯৭ |
| ৩। | জনাব সুজন চন্দ্র দাস | সহকারী প্রোগ্রামার | ০১৯৩৬৫৮৩৮৫৬ |
| ৪। | জনাব মোঃ ইফতিয়ার আলম | সহকারী প্রোগ্রামার | ০১৫৭১৭৩৭০৩৩ |
| ৫। | জনাব মোঃ ফজলে রাব্বী | সহকারী প্রোগ্রামার | ০১৯২৪২১৭৯৪৭ |
| ৬। | জনাব মোঃ লিয়াজ মাহামুদ লিমন | সহকারী প্রোগ্রামার | ০১৭২৩২০৭৫৭৭ |
| ৭। | জনাব মোঃ শওকত আহম্মেদ | সফটওয়্যার ডেভেলপার | ০১৭৮১৮২৮৩৮৪ |

আপনার সহযোগিতার জন্য ধন্যবাদ